# BODHODOY

**REG NO. S0004767**

# সম্পাদকীয় প্রতিবেদন

## (২০২০-২১)

---

## *Annual Report for the F.Y 2020-21*




**BODHODOY : A Registered Social Organisation emphasises on Education, Health and Empowerment for downtrodden especially rural and tribal people .**

Web Site Address : www.bodhodoysociety.com

**2017 এর নভেম্বর থেকে বোধোদয় এর পথ চলা।** বাগমুন্ডি ব্লকের ছোট্ট আদিবাসী গ্রাম রুগরুঘুটু ,এখান থেকেই বোধোদয় তাদের কর্মসূচি শুরু করেছিল। অনেক টা সময় আমরা পেরিয়েছি একসঙ্গে অনেক সহ যোদ্ধাদের হাত ধরে। গতবছর থেকে আজ পর্যন্ত বোধোদয় পরিবারের সদস্যরা কোভিড পরিস্থিতির সাথে লড়াই করে মানুষের পাশে থাকার চেষ্টা করে চলেছে অবিরত । বোধোদয় পরিবারের পরিচালন সমিতি, সকল উপ সমিতি, সকল সদস্য এবং বোধোদয় পরিবারের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে জড়িত সকল শুভানুধ্যায়ী দের আন্তরিক অভিবাদন ও ধন্যবাদ জানাই।

**30 March, 2020 :** **"মানুষ বড় একলা/তুমি তাহার পাশে এসে দাঁড়াও"** - এই আন্তরিক অনুরোধ নিয়েই, "বোধোদয়" কোভিড এর প্রথম পর্যায়ের কাজ শুরু করে ছিল। সকল মানুষ যেভাবে বোধোদয় কে বিশ্বাস করেছেন, তার জন্য আমরা কৃতজ্ঞ।
বোধোদয় দীর্ঘদিন ধরে পুরুলিয়ার বেশ কিছু প্রান্তিক গ্রামে বিভিন্ন রকম কাজ করে চলেছে। আজ এই বিপর্যয়ের মুখে বোধোদয় চেষ্টা করছে ভূতাম, দান্দুডি ও রুগরুঘুটু তে চাল, ডাল , আলু ও সাবান পৌঁছে দিতে।

**02 April, 2020** : আপনাদের সহযোগিতায় , পুঞ্চা থানার পুলিশ এর উপস্থিতিতে বোধোদয় এর অন্যতম সদস্য তপন মাহাতো ও মটুক শবরের সাহায্যে, সঠিক দূরত্ব বজায় রেখে আমাদের এই বিতরন প্রক্রিয়া শুরু হয়েছে।আজ **ভূতাম এর 66 টি ও দান্দুডির 21 পরিবারের** মধ্যে বিতরণ করা হয়েছে। আপনাদের সকলের সাহায্য নিয়ে,এই কঠিন পরিস্থিতির মধ্যে 5kg করে চাল, 2 kg করে আলু, 250 gm করে ডাল ও একটি করে সাবান পৌঁছে দিতে পেরেছে **বোধোদয়** প্রতিটি শবর ও মাঝি পরিবারের মধ্যে।





**04 April, 2020 :** আজ **অযোধ্যা পাহাড়ের উপর বাগমুন্ডি ব্লকের একটি গ্রাম রুগরুঘুটু এর 19 টি পরিবার** কে 5 kg করে চাল, 2 kg করে আলু, দু প্যাকেট সয়াবিন, 1kg করে নুন ও একটি করে সাবান পৌছে দিতে পেরেছে **বোধোদয়.** এই কাজে সহায়তা করেছেন সুপ্রিয় সামন্ত, ফাগুরাম মুর্মু,



লক্ষিন্দর মুর্মু।ধন্যবাদ জানাই আপনাদের ও।আপনাদের আর্থিক সাহায্যের মাধ্যমেই এই কাজ করা গেছে।





**09 April,2020 :** পুরুলিয়ার **আড়শা ব্লকের ভালিডুংড়ি** এর কাছে একটি আবাসিক স্কুল রয়েছে। ছাত্র সংখ্যা 25। আদিবাসী আবাসিক স্কুল, স্কুল চালান নরেন হাঁসদা বিভিন্ন যায়গায় গান করে। এখন Lockdown..গান বন্ধ। বাচ্ছাদের একটু খাবারের জন্য আর্তি ওঠে সামাজিক মাধ্যমে। এই ডাক শুনে ছুটে আসে বর্ধমানের শ্যামল দত্ত। আমাদের বোধোদয় পরিবারের নতুন সদস্য। এক শিক্ষক ছুটে আসেন আর এক শিক্ষকের ডাকে।আজ বোধোদয় পৌঁছে দিয়েছে 50 kg চাল, তেল, মশলা ,সয়াবিন,সার্ফ,বিস্কুট ও সাবান।সমস্ত জিনিসপত্র কাল পৌঁছে দিয়েছেন বেগুনকোদর এর চন্দন চক্রবর্তী দাদা।ধন্যবাদ জানাই শ্যামল কে, ধন্যবাদ জানাই চন্দন দা কে।







**14 April, 2020:** পুরুলিয়ার **কেন্দা থানার অন্তর্গত ভান্ডার পুয়ারা গ্রাম পঞ্চায়েত এর চারটি শবর গ্রাম। 1.মালডি শবর টোলা 2. মাহাতো ডি 3. রামাই গড়া ও 4. ময়ড়া ডি.**

1) মালডি শবর পাড়া তে পরিবার 30.

2). মাহাতোড়ি শবর পাড়া তে পরিবার 13 .

3. রামাই গড়া তে পরিবার 42.

4. ময়রা ডি তে পরিবার 28.
সমগ্র পরিবার সংখ্যা 113।

O.C Kenda P.S, B.D.O Purulia I ও Secretary,Bhandar Puyara G.P এর সাথে কথা বলে আমরা প্রথমে ঠিক করি চাল, আলু ,নুন ও সার্ফ দেবো। পরবর্তীতে Fund বেড়ে যাওয়াতে আমরা তেল, পেঁয়াজ ও সাবান যোগ করি.  আমারা 5kg করে চাল, 3kg করে আলু , 500g করে নুন ও 250g করে সার্ফ , 500g করে পেঁয়াজ, 250g করে তেল প্রতি পরিবার ও একটি করে সাবান প্রতি পরিবারে পৌঁছে দিয়েছি আজ (14/04/20). স্থানীয় প্রভাষ মাহাতো, শঙ্কর মাহাতো ও তরনী মাহাতো, উওম মাহাতো ও দীনবন্ধু মাহাতো আমাদেরকে খুব সাহায্য করেছেন।
বিশেষ ভাবে আর্থিক সাহায্য করেছেন
#বর্ধমান_ফুডিস_ক্লাব
#উওরণ_আরামবাগ
#দীপেন্দু_মুখার্জী
ও
বোধোদয় এবং বোধোদয় এর বাইরের সকল সমভাবাপন্ন মানুষ জন
বোধোদয় এর পক্ষ থেকে আপনাদের অসংখ্য ধন্যবাদ জানাই,আমাদের সহযোগিতা করার জন্য।







**18 April, 2020 :** পুরুলিয়ার **মানবাজার 2 ব্লকের,বোরো থানার ,হেঁশলা গ্রামের ,পাঁচটি শবর পরিবারের** কাছে আজ #বোধোদয় ত্রাণ পৌঁছে দিতে পেরেছে।5kg করে চাল, 3kg করে আলু, 500g করে নুন, 500g করে পেঁয়াজ, সয়াবিন এক প্যাকেট করে, তেল 250g করে, সার্ফ এক প্যাকেট করে। ধন্যবাদ সকল কে। ধন্যবাদ জানাই সমীর মাহাত,রাজারাম মাহাতো ও উত্তম মাহাতো কে।





**18 April, 2020 :** **ভূতাম শবর শিক্ষা নিকেতন**... **#বোধোদয়** পরিচালিত স্কুল। লকডাউনের জন্য দীর্ঘদিন স্কুল বন্ধ। এই পরিস্থিতিতে যদিও ভূতাম গ্রামের পরিবারগুলোকে খাদ্যসামগ্রী দেওয়া হয়েছে **তবুও যাতে বাচ্চারা অপুষ্টির শিকার না হয় সেই দিকে নজর রেখে বোধোদয় পরিবার প্রতি একদিন অন্তর স্কুলের সমস্ত ছেলে মেয়েদের সেদ্ধ ডিম দেওয়ার ব্যবস্থা করেছে।** সঠিক সামাজিক দূরত্ব বজায় রেখে ও স্বাস্থবিধি মেনে আজ থেকে এই কাজ শুরু হল। এই কাজে সহযোগিতার জন্যে আপনাদের সকলকে অসংখ্য ধন্যবাদ জানাই। বিশেষ ধন্যবাদ তপন মাহাতো, সান্তনা মাহাতো ও ভূতাম শবর শিক্ষা নিকেতনের শিক্ষক ও শিক্ষিকা দের।

**18 April, 2020 :** পুরুলিয়ার বিভিন্ন আদিবাসী দের মধ্যে #বিরহোর_জনজাতি অন্যতম। #জঙ্গলের_সন্তান নামেই পরিচিত। **ঝালদা 1 ব্লকের, মাঠারি খামার পঞ্চায়েতের, দাঁতাই গ্রামে** ও এই বিরহোর জনজাতির বাস।#বোধোদয় পরিবারের আজকের কর্মসূচি। পুরুলিয়ার ঝালদা ১ নং ব্লকের,মাঠারি খামার পঞ্চায়েতের, #দাঁড়াইয়া গ্রামের 5 টি #বীরহোড় জনজাতির পরিবারের হাতে তুলে দেওয়া হল রেশন। বোধোদয় পরিবারের পক্ষ থেকে সকল শুভানুধ্যায়ীদের অসংখ্য ধন্যবাদ।





**20 April, 2020 :** মানবাজার 2 ব্লক,থানা বোরো,গ্রাম সিমটুনি। রবি মুর্মু ও আনন মুর্মু এর পরিবারের কাছে #বোধোদয় ত্রাণ পৌঁছে দিয়ে এসেছে।


**21 April, 2020 :** #বোধোদয় ও স্বপ্নের সাথী এর যৌথ উদ্যোগ আজ **বান্দোয়ান ব্লকের কুচিয়া গ্রাম পঞ্চায়েতের তিনটি শবর গ্রামে** আমাদের সাহায্য পৌঁছে দিতে পেরেছি। #বুড়ি ঝোড়, #আম ঝর্ণা ও #কাররু গ্রামে। মোট 35 টি পরিবারের কাছে সাহায্যের হাত বাড়িয়ে দিতে পেরেছি আমরা। ধন্যবাদ জানাই ADM(Development) Purulia, SDO (Manbazar), BDO (Bandowan) ও O.C (Bandowan) কে। পুরুলিয়া জেলা প্রশাসন ও স্থানীয় প্রিয়রঞ্জন বাবু দের সাহায্য নিয়ে আজকের বিতরন প্রক্রিয়া সুসম্পন্ন করা গেছে.







**24th April,2020 :** আজ 24/04/20 তারিখে #বোধোদয় ও #স্বপ্নের সাথী এর যৌথ উদ্যোগে পুরুলিয়ার **মানবাজার 2 ব্লকের , #বোরো জারাগোরা** পঞ্চায়েত এর চারটি গ্রামে #খ্যেড়িয়াডি, #লুকুইডি, #হ্যেঁশলা ও #হ্যেঁশলা শবর পাড়ার 37 টি পরিবারের কাছে সাহায্য পৌঁছে দেওয়া হয়েছে। ত্রাণ সামগ্রী পৌঁছে দিয়েছেন হ্যেঁসলা সরোজ মুখার্জি স্মৃতি সঙঘ। ধন্যবাদ জানাই সকল শুভানুধ্যায়ী ব্যক্তিবর্গ কে








**26th April, 2020 :** পুরুলিয়ার **পুঞ্চা ব্লকের কেন্দা থানার কোনাপাড়া গ্রামের অক্ষয় মাহাতো** (২৭) লকডাউনের কারনে গত ২৪.০৪.২০২০ তারিখে পুরুলিয়ার বাড়ি ফেরার জন্য পশ্চিম মেদিনীপুর জেলার পিংলা থানা অঞ্চল থেকে রেললাইন ধরে হেঁটে যাত্রা শুরু করেন। পথে চন্দ্রকোনা GRP থনার অন্তর্গত ভাদুতলা অঞ্চলে মালগাড়ীর ধাক্কায় তিনি নিহত হন। অক্ষয় বাবু পশ্চিম মেদিনীপুর জেলার পিংলা থানা অঞ্চলে রেল ব্রীজ তৈরির কাজে শ্রমিক হিসাবে নিযুক্ত ছিলেন।তিনিই ছিলেন পরিবারের একমাত্র রোজগেরে। পরিবারে বৃদ্ধ বাবা, মা, স্ত্রী ছাড়াও আছে একটি নয়মাসে শিশু সন্তান।এই দুর্দিনে পরিবারটির পাশে দাড়ানোর উদ্দেশ্যে #বোধোদয় ও #স্বপ্নের_সাথী পরিবারের পক্ষ থেকে এক মাসের রেশন পৌঁছে দেওয়া হল।বোধোদয়ের তরফ থেকে পরিবারটির প্রতি আন্তরিক সমবেদনা জানাই। #বোধোদয় ও #স্বপ্নের_সাথী এর যৌথ উদ্যোগে অনিকেত সিং ও সঞ্জয় মাহাত পৌঁছে গিয়েছিল ওনাদের পরিবারে। একটু পাশে দাঁড়ানোর সহমর্মিতা নিয়ে।





প্রথম পাতা দক্ষিণবঙ্গ উত্তরবঙ্গ জেলা পুরুলিয়া রাজ্য রাজনীতি দেশ গল্প ও কবিতা

খাস খবর বাংলা 1

খাস খবর বাংলা ওয়ানের খবর দেখে মৃত শ্রমিক অক্ষয় মাহাতোর পরিবারের পাশে দাঁড়ালেন

April 26, 2020 Khaskhoborbangla1 0 Comments

Facebook WhatsApp ADV QR


**পুরুলিয়া:**-খাস খবর বাংলা ওয়ানের খবর দেখে মৃত শ্রমিক অক্ষয় মাহাতোর পরিবারের পাশে গিয়ে দাঁড়ালেন পুরুলিয়া জেলার 'বোধোদয়' ও 'স্বপ্নের সাথী' নামে দুই সংস্থা।

লকডাউনে পায়ে হেঁটে বাড়ি ফেরার পথে মালগাড়ির ধাক্কায় মৃত্যু হয় পুরুলিয়া জেলার ২৭ বছর বয়সী এক শ্রমিক **অক্ষয় মাহাতোর**। শুক্রবার ভোরে ঘটনাটি ঘটে চন্দ্রকোনা জিআরপি থানার অন্তর্গত ভাদুতলা এলাকায়। মৃত শ্রমিকের পরিবারে বৃদ্ধ বাবা-মা সহ স্ত্রী ও নয় মাসের শিশু সন্তান রয়েছে। এক মাত্র রোজগেরে সদস্যর অকাল মৃত্যুতে কার্যত দিশেহারা গোটা পরিবার। তার মৃত্যুতে ভেঙে পড়ে তার পরিবার। পাশাপাশি ঘটনার জেরে শোকের ছায়া নেমে এসেছে পুঞ্চা ব্লকের কেন্দা থানার কোনাপাড়া গ্রামে।

**27th April,2020 :** আজ আবার 27/04/20 তারিখে স্থানীয় ব্লক ও পঞ্চায়েত প্রশাসনের সহযোগীতায় **পুঞ্চা ব্লকের নপাড়া পঞ্চায়েতের ভূতাম শবর পল্লীর 67 টি ও হুরা ব্লকের দান্দুড়ি শবর পল্লীর 24 টি পরিবারের** হাতে ,মোট 91 টি পরিবারকে চাল 5kg করে, আলু 3kg করে, তেল 250g করে, পেঁয়াজ 500g করে, নুন 1kg করে, সার্ফ 1 প্যাকেট ও সয়াবিন এক প্যাকেট করে #বোধোদয় এর পক্ষ থেকে হাতে তুলে দেওয়া হল।




সহযোগ উদ্যোগ
জেলা : পুরুলিয়া



প্রথম পাতা | দক্ষিণবঙ্গ | উত্তরবঙ্গ | জেলা | পুরুলিয়া | রাজ্য | রাজনীতি | দেশ | গল্প ও কবিতা

খাস খবর বাংলা 1

## লকডাউনে পুরুলিয়ার প্রত্যন্ত গ্রামীণ এলাকায় সাহায্যের হাত বাড়িয়ে দিলেন বোধোদয় সংস্থা

April 28, 2020 Khaskhoborbangla1 0 Comments

Facebook WhatsApp ADV QR

**পুরুলিয়া:-** দেশজোড়া Lock Down জনিত পরিস্থিতিতে দেশের জনজীবন যখন বিপর্যস্ত হয়ে পড়েছে ঠিক সেই মুহূর্তে **বোধোদয় সংস্থা** পুরুলিয়ার একেবারে প্রত্যন্ত গ্রামীণ এলাকার দিন এনে দিন খাওয়া শবর জনজাতির সাহায্যার্থে সেবাব্রত গ্রহণ করতে এগিয়ে এলেন । আজ তারই একটি নজির হয়ে রইল ভূতাম ও দানদুডি গ্রাম । এই গ্রামের শবর পল্লীতে দ্বিতীয় পর্যায়ে বিলি করা ৫ কিলোগ্রাম করে চাল, ৩ কিলোগ্রাম করে আলু, ৫০০ গ্রাম করে পেঁয়াজ, ১প্যাকেট করে নুন, ১প্যাকেট করে সয়াবিন, ১প্যাকেট করে সাবান গুঁড়ো এবং ২০০ গ্রাম করে সরসের তেল। ভূতাম ও দানদুডি মিলে আজ মোট ৯৪টি পরিবারের হাতে এই ত্রাণ সামগ্রী তুলে দেওয়া হল। বোধোদয় পরিবারের পক্ষ থেকে সকল শুভানুধ্যায়ীকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানানো হয়েছে।

**28th April, 2020 :** আজ পুরুলিয়ার **বোরো থানার কুমারি পঞ্চায়েতের ধান্দা, শহরকুলি, তিলাবনি** গ্রামে 45 টি পরিবারে পরিষেবা পৌঁছে দেওয়ার কাজে ব্যস্ত #বোধোদয় এর পক্ষ থেকে ধনঞ্জয় মন্ডল বাবুরা। খাদ্য সামগ্রী পৌঁছানো শুরু হয়েছে। ধন্যবাদ সকলকে.









**29th April, 2020 :** অযোধ্যা পাহাড়ের অন্তর্গত বাগমুন্ডি ব্লকের রুগরুঘুটু গ্রামের 23 টি পরিবারকে দ্বিতীয় বারের জন্য খাদ্য সামগ্রী পৌঁছে দিয়ে আসা হল #বোধোদয় এর পক্ষ থেকে.






**30th April,2020:** পুরুলিয়ার **চাকলতোর এর করাডি বেদিয়া পল্লীর 33 টি পরিবারের** মধ্যে বোধোদয় এর পক্ষ থেকে এই লক্ ডাউন পরিবেশ এর মধ্যে শুকনো খাবার, চাল,আলু,তেল,সোয়াবিন, সাবান প্রভৃতি জিনিস পৌঁছে দেওয়া হল। বিশেষ ভাবে ধন্যবাদ জানাই বোধোদয় পরিবারের সুনীল মুর্মু ,ক্ষীরোদ মাহাত ও উত্তম মাহাত কে।

**02nd May,2020 :** আজ 02/05/20 তারিখে গিয়েছিলাম **পুরুলিয়ার নামশোল ফকির পাড়া**। ওখানে আছে 42 টি পরিবার। স্থানীয় কয়েকজন মানুষের সহায়তায় ( অমলেশ কুমার ও রফিক আনসারি ) একটু পাশে দাঁড়াবার চেষ্টা করেছি। আমাদের সাথে আরও কয়েক জন সহযোগী বন্ধু সংস্থা সাহায্যের হাত বাড়িয়ে দিয়ে ছিলেন...#স্বপ্নের_সাথী, #প্রত্যর্পণ, (কলকাতা) ও #SEAMAT(ত্রিবেণী ও মগরা,হুগলি).. #বোধোদয় এর তরফে নামশোল গিয়েছিলেন উত্তম মাহাত ও দীনবন্ধু মাহাত। আপনাদেরকে ধন্যবাদ।





**07th May, 2020 :** পুরুলিয়া জেলার **#বিরহড় গ্রাম মহুলটাড়, সুবর্ণরেখা নদীর পাড়ে,ঝাড়খণ্ড এর সীমানা বরাবর, ঝালদা 1 ব্লকের হেঁসাহাতু গ্রাম পঞ্চায়েতের ছোট্ট একটি বিরহড় গ্রাম মহুলটাড়**। 12 টি পরিবারের এই গ্রামের পাশে থাকার চেষ্টা করেছে #বোধোদয়। পাশে পেয়েছি সহযোগী বন্ধু সংস্থা #স্বপ্নের_সাথী কে।

ঝালদা 1 ব্লকের সহযোগীতায়,স্থানীয় দূর্গা চরন মাহাত ও রোহিণী মাহাত খাদ্য সামগ্রী পৌঁছে দিয়ে এসেছেন বিরহড় গ্রাম মহুলটাড় এ। এই লকডাউন পর্যায়ে সরলা শিকারী,বুদ্ধেশ্বর শিকারী,শম্ভু শিকারী এর পাশে #বোধোদয় থাকতে পেরেছে আপনাদের সহায়তায়।







**08th May, 2020 :** আজ ২৫ শে বৈশাখ, বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের শুভ জন্ম দিন। শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপনে



#ভূতাম_শবর_শিক্ষা_নিকেতনের শিক্ষক ও শিক্ষার্থীরা", ভূতাম, পুঞ্চা, পুরুলিয়া।

**11th May, 2020 :** এই মহামারি করোনা জনিত লকডাউন এর শুরু থেকে স্বেচ্ছাসেবী সংস্থা **#বোধোদয়** পুরুলিয়ার বিভিন্ন প্রান্তিক অঞ্চলের অসহায় মানুষের দিকে সাহায্যের হাত বাড়িয়ে দিয়ে আসছে। এখন পর্যন্ত #বোধোদয় পুরুলিয়ার ৮টি ব্লকের ২৯ টি গ্রামের ৬৭২ টি পরিবারের কাছে সাহায্য পৌঁছে দিতে পেরেছে। এই উদ্দেশ্যে #বোধোদয় আজ পৌঁছে গেল পশ্চিমবঙ্গের **বিরহড়দের সবথেকে বড় পল্লী বাগমুন্ডি ব্লকের ভূপতিপল্লীতে। আজ এখানে মোট ৮২ টি বিরহড় পরিবারের** কাছে খাদ্য সামগ্রী দিয়ে সহমর্মিতার হাত বাড়িয়ে দিয়েছে বোধোদয়। আজকের এই কাজে **বোধোদয়ের** সঙ্গে ছিল আরও দুটি সেচ্ছাসেবী সংস্থা, #SEAMAT_হুগলি এবং #প্রত্যর্পণ_কোলকাতা। বাগমুন্ডিতে সমস্ত জিনিস কিনে,প্যাকেট করে, প্রতিটি পরিবারের কাছে পৌঁছে দিয়েছেন পিনাকী চরণ গাঙ্গুলী দা। ধন্যবাদ সকলকে। পাশে থাকার জন্য, সাহায্যের হাত বাড়িয়ে দেওয়ার জন্য।







**12th May, 2020 :** আজ বোধোদয় স্বেচ্ছাসেবী সংগঠনের পক্ষ থেকে পুরুলিয়া জেলার **পাড়া ব্লকের ভালপাহাড়ি গ্রামের কিছু বেদিয়া**



**পরিবারদের হাতে** খাদ্য সামগ্রী তুলে দেয়া হলো।

**16th May, 2020 :** আজ বোধোদয়, Relearn Foundation এবং বর্ধমান ফুডিস ক্লাবের যৌথ উদ্যোগে **বিনপুর 1 ব্লকের,দহিজুড়ি 4 নং পঞ্চায়েতের শালপাত্র,দাস পাড়া ও খারনডাঙ্গা গ্রামের 70 টি পরিবারের** হাতে খাদ্য সামগ্রী পৌঁছে দিয়ে সহমর্মিতা প্রকাশ করেছেন সৌরভ দন্ডপাট। ধন্যবাদ জানাই সকল শুভানুধ্যায়ী ব্যক্তিদের।



**17th May,2020 :** করোনা মোকাবিলায় কর্মরত পুরুলিয়া জেলার **পাড়া ব্লকের,পাড়া ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের ডাক্তার, নার্স, সাফাই কর্মী এবং পাড়া থানার পুলিশ আধিকারিকদের ও পাড়া ব্লক এর BDO সহ অন্যান্য কর্মীদের শুভেচ্ছা জানাল বোধোদয় সেচ্ছাসেবী সংগঠন**।গত 12/05/20 তারিখে ছিল আন্তর্জাতিক সেবিকা দিবস। ভেবেছিলাম পাড়া BPHC এর সকল নার্স দিদি, ডাক্তার বাবু,স্বাস্থ্য কর্মীদের,পাড়া ব্লকের বিডিও স্যার ও কর্মীদের,পাড়া থানা ও পুলিশ কর্মীদের একটু শ্রদ্ধা ও সম্মান জানানো হবে। ঐদিন বিশেষ কারণে আমারা করতে পারিনি। আজ "বোধোদয় পরিবার" সেই কাজ সুসম্পন্ন করেছে। ধন্যবাদ জানাই পাপিয়া মাহিন্দার কে, চম্পা গড়াঁই কে, সঞ্জয় মাহাতো ,অর্ধেন্দু শিকদার,রাজেশ রানা ও ডঃ রবীন মণ্ডল মহাশয় কে। এনাদের হাত ধরেই আজকের কর্মসূচী গুলিকে সম্পন্ন করা গেছে। ধন্যবাদ জানাই সকলকে



**18th May,2020 :** আজ "বোধোদয়" ও "স্বপ্নের সাথী" যৌথ উদ্যোগে পুরুলিয়া জেলার **অযোধ্যা পাহাড়ের অন্তর্গত বাগমুন্ডি ব্লকের জিলিংগোড়া ও বামনীজারা গ্রামের 24 টি পরিবারের** কাছে খাদ্য সামগ্রী পৌঁছে দেওয়া হয়েছে। আলু,পেঁয়াজ,নুন,তেল,সার্ফ,সয়াবিন, মুড়ি,চিড়ে,সাবান প্রভৃতি পৌঁছে দিয়েছেন বোধোদয় পরিবারের দুই সদস্য লক্ষিন্দর টুডু ও ফাগুরাম মুর্মু। বাগমুন্ডি তে আমাদের সহায়তা করেছেন সুপ্রিয় সামন্ত ও পিনাকী গাঙ্গুলি।



**27th May, 2020 :**

আজ #বোধোদয় ও #বর্ধমান_ফুডিস_ক্লাব দক্ষিণবঙ্গের সাতটি গ্রামে গিয়েছিল।



গ্রামগুলি হল

**1. Churchura boyemari, Boyermari 2 GP, sandeshkhali 1 Block**
**2. Nafarganj GP Basanti Block**
**3. Bharat garh GP, Basanti block**
**5. Jyotishpur GP, basanti**
**6. Jharkhali GP,basanti।**
**7. Sonakhali Village,Basanti.**

আপনাদের সকলের সহযোগিতায় আমরা যা যা পৌঁছে দিতে পেরেছি :1.টারপোলিন সিট্ 2. মোমবাতি 3. ব্লিচিং পাউডার 4. ক্লোরিন ট্যাবলেট 5. ওয়ারেস 6. জিওলিন 7. স্যানিটারি ন্যাপকিন 8. চিড়েঁ +শুকনো গুড় 9. মুড়ি + বাতাসা 10. চাল 11. আলু 12. তেল 14. সয়াবিন 15. কিছু প্রয়োজনীয় ঔষধ।



সাংগঠনিক ভাবে বেশ কিছু সংস্থা আর্থিক ভাবে ও ত্রাণ সামগ্রী,কাপড়-জামা দিয়ে আমাদের পাশে দাঁড়িয়েছেন।

#Relearn_Foundation,Tata.
#Uttran_Arambagh
#SEAMAT,Hooghly.

বোধোদয় পরিবারের দুই ক্যাপ্টেন অনিতা রায় চৌধুরী ও সৌমেন মাহাতো দা, সুন্দরবন থেকে কাজ সেরে ফিরছে,এখনো তারা রাস্তায়। ধন্যবাদ



জানাই #বোধোদয়_পরিবারের সকল শুভানুধ্যায়ী ব্যক্তি দের,যাদের আর্থিক সাহায্য নিয়েই এই কাজ করা সম্ভব হচ্ছে।



**30th May, 2020 :** #রুক্ষ_উষর_পুরুলিয়ার_মাটিতে_বোধোদয়ের_সবুজের_অভিযান

"মরুবিজয়ের কেতন ওড়াও.." হ্যাঁ কবির কথাতেই অভিবাদন করতে হয় **পুরুলিয়ার হুড়া ব্লকের দান্দুডি গ্রামের তপন মাহাতো এবং তার উদ্যোগী সঙ্গীদের।** বোধোদয় এর পরিকল্পনা এবং অনুপ্রেরণা কে বাস্তবে রূপ দিয়ে পুরুলিয়ার মত রুক্ষ জমিতে এই মহামারী কালীন বিপর্যয়ের প্রেক্ষাপটেও ফসল ফলিয়েছেন তারা। মনে পড়ে যাচ্ছে কবি বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মভূমি কবিতার কটা লাইন...

*" মাটি তো আগুনের মতো হবেই*
*যদি তুমি ফসল ফলাতে না জানো;*
*যদি তুমি বৃষ্টি আনার মন্ত্র ভুলে যাও*
*তোমার স্বদেশ তাহলে মরুভূমি।"*

হ্যাঁ মরুভূমির র মত উষর জমি আর করোনা মহামারীর মত অভূতপূর্ব প্রতিকূলতা কে জয় করেছেন এই মানুষগুলো বোধোদয়ের কর্মীদের অবিরাম উৎসাহে কাঁধে কাঁধ মিলিয়ে সবুজের ঢাল দিয়ে। তারা আরো এক বার নতুন করে প্রমাণ করলেন যে কৃষিই আমাদের ভিত্তি, স্বনির্ভরতার সোপান। দান্দুডি গ্রামের এবং বড়গ্রামের অধিবাসী দের পরিশ্রমে ছয় বিঘা জমিতে তরমুজ, এক বিঘা জমিতে বেগুন

এবং আঙুরের চাষ এই অঞ্চলের কৃষিজীবী মানুষকে নতুন পথের দিশা দেখিয়েছে। দিশা দেখিয়েছে স্বনির্ভরতার। এই লক ডাউন পরিস্থিতিতে উৎপন্ন ফসলকে সম্পূর্ণরূপে বাজারজাত করা না গেলেও স্থানীয় প্রয়োজন মিটেছে। এখন এই জৈবিক উপায়ে সৃষ্ট ফসলের সঠিক বাজারকরণের মধ্যে দিয়ে হাসি ফুটবে এই প্রত্যন্ত গ্রামের পরিবারগুলোর মুখে। এই স্বনির্ভরতার পাঠ ই বোধোদয়ের সাফল্য। এই খেটে খাওয়া প্রান্তিক মানুষ গুলোর কল্যাণেই আমাদের পথচলার সার্থকতা







**1st June, 2020 : পুরুলিয়ার হুড়া থানার একেবারে প্রত্যন্ত গ্রামের বাসিন্দা শ্যামলাল মান্ডি।** একেবারে অসহায় এই পরিবারটির একমাত্র উপার্জনকারী সদস্য শ্যামলাল প্যান্ডেলে শ্রমিক হিসাবে কাজ করে দিনাতিপাত করতো। বাড়িতে মা স্ত্রী ও 1বছরের শিশুসন্তান আছে। পিতা হ্যান্ডিক্যাপ কোন কাজ করতে পারে না । লকডাউনে কাজ হারিয়ে শ্যামলালের অবস্থা দুর্বিষহ হয়ে উঠেছে। তবে আশারআলো এর দুবিঘার মতো পৈতৃক জমি আছে। কিন্তু হালবলদ তো দূরে থাক, তার বসবাসের বাড়িটুকুও নেই, কোনমতে ত্রিপল ছেঁড়া দিয়ে আর প্রতিবেশীদের কাছে কিছু টালি ধার করে মাথা গোঁজার একটু ঠাঁই করে নিয়েছে। আমরা #বোধদয় পরিবার এখবর পেয়ে শ্যামলালকে কিছু সাহায্য করার পর তার একমাত্র অবলম্বন 2বিঘা জমিতে আমন ধান রোপন



করার জন্য রঘুনাথপুর মহকুমা কৃষি অধিকর্তাকে বিষয়টি জ্ঞাত করি।এরপর রঘুনাথপুর মহকুমা কৃষি অধিকর্তা হুড়া ব্লকের কৃষি আধিকারিকের মাধ্যমে শ্যামলাল মান্ডিকে 20 কেজি বীজধানের,প্রয়োজনীয় ঔষধ এর ব্যবস্থা করে দেন। যাইহোক এরপর নিঃসহায় সম্বলহীন পরিবারটি সাবলম্বী হওয়ার পথ খুঁজে পাবে। এর জন্য কৃতজ্ঞতা ও অসংখ্য ধন্যবাদ জানাই রঘুনাথপুর মহকুমা কৃষি অধিকর্তা ও হুড়া ব্লক কৃষি আধিকারিক মহাশয় কে অসহায় পরিবারটির দুঃসময়ে পাশে দাঁড়ানোর জন্য। এই সম্পূর্ণ প্রক্রিয়াটি কে সম্পন্ন করতে যারা অকৃত্তিম সাহায্য করেছেন,তাঁরা হলেন Khairul Alam Sir,Anita Roy chowdhury,Sanjoy Mahato &Tapan Mahato. বোধোদয় পরিবারের পক্ষ থেকে সকলকে অসংখ্য ধন্যবাদ জানাই।



5th June, 2020 : যা ক্ষত তা মিটবার নয়। তবু তার ভার খানিক লাঘবের জন্য লড়ছে #বোধোদয় । লড়তে হবে কাঁধে কাঁধ মিলিয়ে। **এবার আম্ফান বিধ্বস্ত সাগর দ্বীপের মনসা দ্বীপ**



**খাসমহলের দুর্গত ভাইদের পাশে** এক হয়ে লড়তে #বোধোদয় ও #স্বপ্নের_সাথী আজ পৌঁছে গেছে গঙ্গাসাগর. আমফান বিধস্ত সুন্দরবনের বিভিন্ন অঞ্চলে প্রাথমিক প্রয়োজনীয়তা কে মাথায় রেখে আমরা মূলত খাদ্য সামগ্রী (চাল,ডাল,তেল,নুন,আলু সয়াবিন, চিড়ে,মুড়ি, গুড়), ত্রিপল,ব্লিচিং,ORS,স্যানিটারি ন্যাপকিন, মশারি, মোমবাতি,ঔষধ, জিওলিন ও সাবান পৌঁছে দিতে আজ 05/06/20 তারিখে আপনাদের সকলের সহযোগিতায়,বিভিন্ন সহযোগী সংগঠনের পাঠানো খাদ্য সামগ্রী ও আর্থিক সাহায্যের উপর নির্ভর করে #বোধোদয় ও #স্বপ্নের_সাথী পরিবারের পক্ষ থেকে সমানুভূতির হাত বাড়িয়ে দেওয়া হল সাগরের মনসাদ্বীপ খাসমহল এ 350 টি পরিবারের কাছে। ওখানকার B.D.O ও A.D.A সাহেব এর সাহায্য , পরামর্শ ও উপস্থিতিতেই এই কাজ সুসম্পন্ন করা হয়েছে। আপনাদের সকলের প্রতি #বোধোদয় পরিবার কৃতজ্ঞ।

এই পর্যায়ে #বোধোদয় এর সহযোগি

1.#Relearn_Foundation,Tata & #Bengal_Engineering_College_86_Batch

2. #উত্তরণ_আরামবাগ ,Arambagh

3. Madhukari Charitable Trust, মাধুকরী






**5th June, 2020** : আজ #স্বপ্নের_সাথী ও #বোধোদয় এর উদ্যোগে **মনসাদ্বীপ খাস মহলে একটি Medical camp ও সংগঠিত করা হয়েছিল Dr. Subhajit Mondal এর তত্ত্বা বধানে।** এখানে আগত প্রায় প্রতিটি মানুষেকেই Dr. Subhajit Mondal পরীক্ষা করেছেনএবং প্রয়োজনীয় ঔষধ ও দিয়েছেন। ধন্যবাদ জানাই "বোধোদয়" ও "স্বপ্নের সাথী" এর সদস্যদের,যারা এত দূরবর্তী দ্বীপে পৌঁছে বিপর্যস্ত মানুষগুলির দিকে সমানুভূতির হাত বাড়িয়ে দিলেন।



**5th June, 2020 :** যুগ যুগ ধরে বৃক্ষের সাথে মানুষ নিবিড় বন্ধনে আবদ্ধ। প্রাকৃতিক ভারসাম্য বজায় রেখে বৃক্ষরাজি ধরিত্রীর বুকে রচনা করেছে 'ছায়া সুনিবিড় শান্তির নীড়'। বৃক্ষের প্রতি মানুষের কৃতজ্ঞতার কোন শেষ নেই। বৃক্ষকে বন্দনা করেই কবিগুরু লিখেছিলেন দাও ফিরে সে অরন্য লও হে নগর। আর আজ সেই কবি বন্দনাকেই পাথেয় করে বোধোদয় অন্যান্য বছরের ন্যায় বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে আয়োজন করেছে হরিৎ ছড়াও অভিযান



**08th June, 2020 :** #পাশে_আছে_বোধোদয়

যতটুকু ক্ষমতা,সেটা নিয়েই...



**পুরুলিয়া বাঁকুড়া রোডের নিকটেই রাঘবপুর পঞ্চায়েতের অন্তর্গত গেঁগাড়া উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের কাছে 6টি অসহায় পরিবার আছে।** এরা দীর্ঘকাল যাবৎ তাঁবু খাটিয়ে প্লাসিটিকের জিনিসপত্র বিক্রি করে দিনাতিপাত করে। এদের সাথে কথা বলে জানা গেছে যে এদের প্লাস্টিকের জিনিসপত্র আসে পাটনা থেকে। কিন্তু বর্তমানে লকডাউন পরিস্থিতিতে তা সম্ভব হচ্ছে না। এছাড়া এদের রেশন কার্ড ও নেই।একারনে অর্ধাহারে, অনাহারে দিন কাটছে। তাই #বোধোদয় পরিবারের পক্ষ থেকে এই অসহায় 6 টি পরিবারের কাছে. আজ তুলে দেওয়া হল চাল,ডাল,আলু, সরিষার তেল, সাবান গুড়ি, সাবান, সয়াবিন,বিস্কুট প্যাকেট ও মুড়ি। এই প্রান্তিক মানুষ গুলোর হাসিতেই আমাদের কাজের সার্থকতা। অনেক ধন্যবাদ বোধোদয়ের অক্লান্ত কর্মী সঞ্জীব মাহাতো এবং রঞ্জিত মাহাত।






**12th June,2020 :** #চাষের_জমি_কে_নিয়ে_বহুমুখী_পরিকল্পনা, #পুরুলিয়ার_চাষের_পদ্ধতিতে_এক_নতুন_দিশা

**বোধোদয়ের সাহচর্য এবং উৎসাহে পুরুলিয়ার দান্দুডি এবং ভূতাম গ্রামে সবুজের অভিযান অব্যাহত**। আগেই সম্পূর্ণ জৈব পদ্ধতিতে তরমুজ, আঙুর এবং বেগুন চাষের সাফল্যের পরে এবার একই জমিকে মিশ্রচাষ পদ্ধতিতে জৈব প্রযুক্তি গুনসম্পন্ন ধান এবং মাছ চাষের ব্যবস্থা করা হয়েছে। বোধোদয় এর অন্যতম সদস্য দান্দুভি গ্রামের তপন মাহাতো এবং আরো কিছু মাহাতো পরিবার, সাথে দান্দুভি এবং ভূতাম গ্রামের শবর জনজাতির মানুষজন মিলে স্থানীয় নিচু জমি এবং জলাজমির এই বর্ষায় জলে ভরে ওঠাকে কাজে লাগিয়ে মাছের চারা ছেড়েছেন। সাথে বসানো হয়েছে আমন ধান। স্থানীয় জমি গুলির আল বেশ উঁচু এবং চওড়া। এই বৈশিষ্ট্যের জন্য জমিগুলি খুব সহজেই মাছ চাষের

জন্য অগভীর জলাশয়ে পরিণত হয়েছে।তার ফলে একই জমিতে সম্পূর্ণ জৈব পদ্ধতিতে কোনরকম কীটনাশক ব্যবহার ছাড়া ফলেছে ধান সাথে সাথে মাছের চারা। এই দ্বিমুখী ফললাভের সুবিধার ব্যাপারে আশেপাশের গ্রামের মানুষজনকে সচেতন করে এই পদ্ধতির চাষ ওই এলাকায় আরো ব্যাপক ভাবে ছড়িয়ে দেওয়ার জন্য উদ্যোগী হয়েছে বোধোদয়। এভাবেই সমগ্র এলাকার স্বনির্ভরতার মাধ্যমে উন্নতি কে ত্বরান্বিত করাতেই বোধোদয়ের সাফল্য। আজ স্থানীয় মানুষদের কাঁধে কাঁধ মিলিয়ে এই উন্নতির সোপান নির্মাণের ছবি সেই সাফল্যেরই অনুভূতি এনে দেয়।





**16th June, 2020 :** আজ **পুরুলিয়ার দমন্তর গ্রামে** দুই প্রচেষ্টার মধ্যে সমন্বয় আনার চেষ্টা করেছে #বোধোদয় ,এক : পুরুলিয়ার বিভিন্ন অঞ্চলের চাষীরা এই কঠিন সময়ে সব্জির দাম একদমই পাচ্ছেন না। বহু কষ্ট করে চাষ করেও,সেই সব্জি ফেলে দিতে হচ্ছে অথবা প্রায় জলের দামে সেই সব্জি বিক্রি করতে হচ্ছে। দুই : **বলরামপুর** এর এক স্থানীয় মাষ্টার মশাই রাজীব মন্ডল এর উদ্যোগে একটি সর্দার গ্রামের 65 টি পরিবারের কাছে #বোধোদয় ও #রিলার্ন_ফাউন্ডেশন এর আর্থিক সহায়তায় আজ কিছু খাদ্য সামগ্রী পৌছানো হয়েছে। রাজীব দা জানালেন স্থানীয় প্রশাসনিক সহায়তায় ওনারা চাল পাচ্ছেন। কিন্তু আলু, পেঁয়াজ,কিছু মশলা পেলে ঐ মানুষগুলো খুব খুশি হতেন। একটা ছোট্ট প্রচেষ্টা করলাম আমরা সকলে। প্রতিটি পরিবারের জন্য আমরা 4 কেজি করে সব্জি , তাহলে 65 টি পরিবারের জন মোট 260 কেজি সব্জি কেনা হয়েছে। তাহলে এই সব্জি চাষীরা কিছুটা দাম পেলেন। এরপর সেই সব্জি পৌঁছে গেল সর্দার পাড়ায়। সব্জির সাথে আলু,পেঁয়াজ,তেল,নুন,সোয়াবিন,মুড়ি,সাবান ও বিস্কুট এর ব্যাবস্থা করা হয়েছে আপনাদের সকলের সহযোগিতায়।



এই সমগ্র কাজ টি করলেন পুরুলিয়ার মাষ্টার মশাই #রাজীব_মন্ডল দাদা। ধন্যবাদ জানাই #বোধোদয় পরিবারের সকল সদস্যদের ও রিলার্ন ফাউন্ডেশন কে।

**21st June,2020 :** আজ বেশ কয়েকটি সংগঠনের সমন্বয়ে **নামখানা ব্লকের ফ্রেজারগঞ্জ গ্রাম পঞ্চায়েতের অমরাবতী,লক্ষীপূর,পশ্চিম অমরাবতী ও মধ্যম অমরাবতী গ্রামের** 35 জন শিক্ষার্থীদের হাতে খাতা,বই,পেন,পেন্সিল,শ্লেট,স্কুল ব্যাগ ও বিভিন্ন প্রয়োজনীয় জিনিসপত্র পৌঁছে দিয়ে আসা হয়েছে এবং ঐ গ্রামের 30 জন অধিবাসীদের হাতে খাদ্য সামগ্রী ও ত্রিপল ও দেওয়া হয়েছে আজ। যে সমস্ত সংগঠনের এবং ব্যক্তি মানুষের যৌথ উদ্যোগে এই কাজটি সংগঠিত হয়েছে তারা হল "#সাড়া (কলকাতা)", "#নব_নালন্দা_98_ব্যাচ (কলকাতা)", "#প্রত্যর্পণ (কলকাতা)" ও "#বোধোদয় (পুরুলিয়া)"এবং #পার্থ_দাস ও তাঁর বন্ধুরা. ধন্যবাদ জানাই সকল শুভানুধ্যায়ী ব্যাক্তিদের।





**2nd July,2020:** #শুভ_সূচনা_ঘটল_শিউলিবাড়ি_**বোধোদয়**_আদর্শ_শিক্ষা_নিকেতনের

**কাশিপুর ব্লকের একটি বড় গ্রাম শিউলিবাড়ি । ওখানে সাওতাল ও কালিন্দী পরিবার আছে ।** সাঁওতালরা ইটভাটায় বা খেত মজুরের কাজ করে, তাদের মধ্যে অনেকেই ভুমহীন সারা বছর চাল কিনে খেয়ে নিজেদের দিনযাপন করতেই হিমসিম খাই । আর কালিন্দী এঁরা ও প্রত্যেকেই ভুমহীন, বাঁশের তৈরি জিনিস বিক্রি করে খাই, ওদের ও ব্যবসা ঠিকঠাক চলে না ।দিনযাপন করতে সমস্যার সম্মুখীন হয় তাই ছেলে মেয়ে দের পড়াশোনা দিকে নজর দিতে পারে না । ক্লাস 7/8এর বাচ্চারাও অ আ ক খ ঠিকঠাক জানে না । অনেক দিন থেকে এদের জন্য কিছু করার ভাবনা ছিল রঞ্জিত মাহাতো দের । **বোধোদয় পরিবারের উদ্যোগে** আজ এই শিক্ষা নিকেতন এর আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন হয়। সঙ্গে পেয়েছি ডঃ কৃষ্ণ গোপাল রায় ও ডঃ তপন কুমার রায় কে। ওনারা অমূল্য মেডিক্যাল রিসার্চ এন্ড সোস্যাল ওয়েলফেয়ার ওরগানাইজেসন এর পক্ষ থেকে সমস্ত শিক্ষার্থী দের হাতে বই, খাতা,পেন,পেন্সিল,চখ্,ডাস্টার প্রভৃতি তুলে দিয়েছেন। আপনাদের সকলের সহযোগিতার মাধ্যমে শুভ সূচনা ঘটল শিউলিবাড়ি আদর্শ শিক্ষা নিকেতনের।

**2nd July,2020:** আজ #বোধোদয় এর







আয়োজনে **কাশীপুর ব্লকে প্রায় 40 জন চাষিদের নিয়ে যে কর্মশালাটি অনুষ্ঠিত হল,তার আলোচ্য বিষয় গুলি ছিল:**

1. কিষাণ ক্রেডিট কার্ড (KCC): কিভাবে চাষিরা পাবেন ? এর কি কি সুবিধা ? কোন কোন চাষের সরঞ্জাম কিনলে Govt. Subsidy পাওয়া যাবে?
2. কৃষক বন্ধু: এই প্রকল্পের অধীনে কৃষক সর্বনিম্ন 1000 টাকা থেকে সর্বোচ্চ 5000 টাকা পাবেন বছরের দুই মরসুমে।
3. সরকারী ফার্ম থেকে কি কি বীজ পাওয়া যেতে পারে এবং কি কি বীজ subsidised হারে কেনা যেতে পারে। মূলত ধান,ভুট্টা,বাদাম,অরহড়।
4. যে সমস্ত অঞ্চল গুলি খরা প্রবন, পুরুলিয়ার বাইদ এলাকা গুলোতে Water shed Management প্রকল্পের আওতায় কিছু ছোট ছোট পুকুর খনন করে জল ধরে রাখার ব্যবস্থার কথা বলা হয়েছে।

আজকের প্রাপ্তি :

1.কাশীপুর ও হুড়ার প্রায় 40 জন চাষি সরাসরি কৃষি আধিকারিক দের সাথে কথা বলেছেন.
2. 40 জন চাষিদের কে এক কেজি করে ভূট্টা বীজ দেওয়া হয়েছে।
3. বিভিন্ন চাষিদের সরকারী ভাবে প্রাপ্ত জিঙ্ক ও বোরোন দেওয়া হয়েছে।

4. বেশ কিছু আগ্রহী চাষিকে বাদাম এর বীজ দেওয়া হয়েছে।
5. বেশ কিছু উৎসাহী চাষি পরিবার কে অরহড় কলাই এর বীজ দেওয়া হয়েছে।
ধন্যবাদ জানাই ADA কাশিপুর, S M of Agriculture রঘুনাথপুর , Water Shed Management Officer রঘুনাথপুর ,আমাদের Anita Roy Chowdhury দিদি কে। ধন্যবাদ জানাই রঞ্জিত মাহাতো,সঞ্জয় মাহাতো ও তপন মাহাতো কে এই সমগ্র কর্মসূচী কে বাস্তবায়িত করার জন্য।



**13 July,2020 :** দীর্ঘ লকডাউন এর পর, একটু স্বস্তির নিশ্বাস পেতেই, আবার শুরু হয়ে গেল **পঠনপাঠন। রুগরুঘুটু হালিহারিয়ার আদর্শ শিক্ষা নিকেতনের** কচি কাঁচারা। পড়াচ্ছেন মাষ্টার মশাই লক্ষীন্দর টুডু। লক্ষীন্দর নিজেও আরষা কলেজ থেকে তৃতীয় বর্ষে পড়ছে।





**22nd July,2020 :** #শিক্ষার্থী_দের_পাশে_বোধোদয়





**শিশির মাহাতো এক দুঃস্থ কৃষক পরিবারের ছাত্র।** বাবা চাষের কাজ ও দিনমজুরি করে জীবিকা নির্বাহ করে কোনমতে দিন চালায়।ছেলে খুবই মেধাবী বিজ্ঞান বিভাগে পড়াশোনা করে মানুষের সেবায় নিজেকে নিয়োজিত করতে চায় ।কিন্তু ভাঙা ঘরে চাঁদের আলো ছেলের পড়াশোনার ব্যয়ভার কীভাবে চালাবে ভাবতেই আতঙ্কিত হয়ে পড়েছিলেন। আমাদের #বোধোদয়ের পক্ষ থেকে ছাত্রটির বিজ্ঞান বিভাগের সমস্ত বইপত্র দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। সমস্ত বই কিনে দিয়েছেন #অনীতা_রায়_চৌধুরী দিদি। পৌঁছে দিয়েছেন সঞ্জয় মাহাতো ও কৃষ্ণ গোপাল রায়। ধন্যবাদ জানাই সকল শুভানুধ্যায়ী ব্যক্তিদের।





**22nd July, 20202 :**

#শিক্ষার্থীদের_পাশে_বোধোদয়।

**পুরুলিয়া 2নং ব্লকের রাকেশ মাহাতো।** বাবা নেই ,মা ও মারা গেছেন অনেক আগেই। ঠাকুমার কাছেই থাকে। রাকেশ কিছুটা শারীরিক ভাবে প্রতিবন্ধী। এত কিছু অসুবিধা সত্ত্বেও,দুঃখ,কষ্ট,যন্ত্রণা কে জয় করে রাকেশ এই বছর (2020 সালে) মাধ্যমিকে 565 পেয়েছে। ওর এই সাফল্য কে #বোধোদয় পরিবার কুর্নিশ জানায়। ও পড়তে চায় বিজ্ঞান বিভাগ নিয়ে। #বোধোদয় পরিবারের পক্ষ থেকে #সোমাশ্রী_বন্ধু দিদি রাকেশ এর সমস্ত বই কিনে দিয়েছেন। আজ এই সমস্ত বই রাকেশ এর হাতে তুলে দিয়েছেন প্রভাষ চন্দ্র মাহাতো দাদা। ধন্যবাদ জানাই সোমাশ্রী দি কে। ধন্যবাদ জানাই প্রভাষ দা কে।








**25th July, 2020:** #শিক্ষার্থীদের_জন্য_পাশে_আছে_বোধোদয়

আজ #বোধোদয়ের পক্ষ থেকে **মৌতড় বিজলী প্রভা উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের দ্বাদশ শ্রেণির ছাত্র #অনুনয়_ভট্টাচার্যকে** দুটি বই যথা কৃষি বিজ্ঞান ও কম্পিউটার এপ্লিকেশন দিয়ে সাহায্য করা হয়। বই গুলি পেয়ে সে খুবই খুশি হয়। ভবিষ্যতে সে কৃষি বিজ্ঞান নিয়েই পড়াশোনা করতে চায়.এই কাজে

আর্থিক সহায়তা প্রদান করেছেন বোধোদয় পরিবারের সদস্য #বাপ্পাদিত্য_ব্যানার্জী। ধন্যবাদ জানাই #বাপ্পাদিত্য বাবু কে।বই গুলি পৌঁছে দিয়েছেন সুনীল কুমার মণ্ডল। ধন্যবাদ জানাই সুনীল বাবু কেউ।







**26th July,2020 :** #শিক্ষার্থীদের_জন্য
#পাশে_আছে_বোধোদয়

**বাঁকুড়ার হীরবাঁধ ব্লকের তিলাবাইদ গ্রামের #অমরদীপ_টুডু**, এক সপ্নের পথের অক্লান্ত সৈনিক। ভূমিহীন দরিদ্র কৃষক পরিবারের অসীম প্রতিকূলতার দুর্গম পাহাড় ডিঙিয়ে আজ সে পৌঁছেছে সাফল্যের শিখরে। 2020 উচ্চ মাধ্যমিকে সাঁওতালি (অলচিকি) ভাষাতে রাজ্যে সেরার শিরোপা আজ তার মুকুটে। সরকারি পাট্টা জমিতে চাষ করার হারভাঙা খাটুনির পরেও সময় বাঁচিয়ে এগিয়ে নিয়ে গেছে স্বপ্ন কে। চালিয়ে গেছে পড়াশোনা। জীবনে লড়াইয়ের পথে একটা মাইলফলক পেরিয়ে সামনে এগিয়ে যাওয়ার আগামী পদক্ষেপকে আরও দৃঢ় করতে অমরদীপের পাশে দাঁড়িয়েছে #বোধোদয়। তার পরবর্তী উচ্চশিক্ষার সমস্ত রকম সাহায্যের অঙ্গীকার দিয়ে আজ সময় এসেছে এই মেধাবী ছেলেটির হাত শক্ত করার। #বোধোদয় সেই কাজেই ব্রতী হয়েছে। অমরদীপের স্বপ্ন ছিল অলচিকী ভাষায় ভূগোল নিয়ে উচ্চশিক্ষার কিন্তু তাকে সেই সুযোগ করে দিতে অপারগ আমাদের উচ্চশিক্ষার পরিকাঠামো। তার ভূগোলের শিক্ষক পরিতোষ মূর্মুর থেকে জানা যায় একই স্বপ্ন থাকলেও ওনাকেও বাঙলাতেই সম্পূর্ণ করতে হয়েছে উচ্চশিক্ষা। বাংলা বা ইংরেজিতে সুযোগ থাকলেও অমরদীপের মাতৃ ভাষায় এখনো শুরু হয়নি ভূগোলের উচ্চশিক্ষা। তাই মাতৃ ভাষা অলচিকিতেই উচ্চ শিক্ষিত হতে চায় সে। সেই পথেই আগামীতে সাফল্যের প্রাসাদ নির্মাণে অনেক শুভাকাঙ্খা আর সহযোগিতা রইল #বোধোদয়ের অন্তর থেকে।



**3rd August,2020:** পুরুলিয়ার কাশিপুরের #বোধোদয় পরিচালিত #শিউলিবাড়ি_আদর্শ_শিক্ষা_নিকেতনের ছোট ছোট ছোট ছেলে মেয়েরা তৈরী করেছে এই সব পরিবেশ বান্ধব রাখি। এগুলি বিভিন্ন সব্জি,ডাল,ফল ও ধান বীজ দিয়ে তৈরী করা হয়েছে।





**9th August,2020 :** ২৩ ডিসেম্বর, ১৯৯৪ সালে জাতিসংঘের সাধারণ পরিষদে বিশ্ব আদিবাসী দিবসটি পালনে ৪৯/২১৪ বিধিমালায় স্বীকৃতি পায়।বিশ্বব্যাপী আদিবাসী জনগণ তাদের নিজস্ব সাংস্কৃতিক পরিচয়, ভূমির অধিকার, অঞ্চল বা টেরিটরির অধিকার, প্রাকৃতিক সম্পদের অধিকার ও নাগরিক মর্যাদার স্বীকৃতি দাবীতে দিবসটি পালিত হয়।আজ এই শুভ দিনে আমাদের বোধোদয় পরিবার থেকে কয়েকটি কর্মসূচী গ্রহন করা হয়েছে

1.রুগরুঘুটু হালিহারিয়ার শিক্ষা নিকেতন এর জন্য প্রয়োজনীয় বই খাতা সহ যাবতীয় শিক্ষা সামগ্রী বিতরণ করা হলো।



2.রুগরুঘুটু হালিহারিয়ার আদর্শ শিক্ষা নিকেতনের শিক্ষক ফাগুরাম মুর্মু ইতিহাসে অনার্স নিয়ে বিশ্ববিদ্যালয়ের সিল্লি কলেজে সফলতার সাথে প্রথম সেমিস্টার ও দ্বিতীয় সেমিস্টার উত্তীর্ণ হয়েছে,তৃতীয় সেমিস্টারে ভর্তি জন্য বোধোদয় পরিবার তাঁকে 2000 এর চেক প্রদান করা হলো।

3.রুগরুঘুটু হালিহারিয়ার আদর্শ শিক্ষা নিকেতনের শিক্ষিকা সারস্বতী পুত্র সন্তান হয়েছে,সেই উপলক্ষে বোধোদয় কিছু মিষ্টি,ফল,কাপড় আশীর্বাদ স্বরূপ দেওয়া হলো।

পুরুলিয়া নিবাসী #ডঃ_জলধর_কর্মকার মহাশয় যিনি অতপ্রত ভাবে পুরুলিয়া আদিবাসী সংগ্রামের সাথে যুক্ত তারই হাতে এই কর্মসূচীর সূত্রপাত করা হলো।

এই কর্মসূচি পুরোপুরি পরিচালনা করলেন

1. Tapas Kumar Das. 2. Ranjit Mahato. 3. Ardhendu Sikdar. 4. Jaladhar Karmakar. 5.Rajib Mondal. 6, Sunil Murmu

সকলকেই অজস্র ধন্যবাদ

**11th August,2020 : খুবই উদ্যোমি ও পরিশ্রমী কৃষক #পূর্ন_চন্দ্র_কিস্কু । ওনি হুড়া ব্লকের খইরিপিড়া গ্রামে বিষমুক্ত টমেটো ও সব্জি চাষ শুরু করেছেন**। পূর্ব পরিকল্পনা অনুযায়ি #বোধোদয় এর পক্ষ থেকে ওনার হাতে #Rs_5000/-এর চেক্ তুলে দেওয়া হয়েছে। নিজের চেষ্টায় পাথুরে মাটিকে ফসল ফলানোর উপোযোগী করে তুলেছেন পূর্ন চন্দ্র। এছাড়াও আজ ওনার হাতে #Stevia গাছের বীজ তুলে দেওয়া হয়েছে। চিনির বদলে এই #Stevia গাছের বহুল ব্যবহার। পরবর্তীতে আমরা টমেটো শস্ এ চিনির পরিবর্তে Stevia পাতার রস দিতে পারবো। এছাড়া শুকনো পাতাও এর প্রচুর দাম।



পূর্ন চন্দ্র দীর্ঘ তিন বছর organic পদ্ধতিতে চাষ করে আসছেন। হুড়া ব্লকের তপন মাহাত এর মতন পূর্ন চন্দ্র কিস্কু আমাদের গর্ব।

**11th August,2020 :** আজ 11/08/20 তারিখে #বোধোদয় এর পক্ষ থেকে **পুরুলিয়ার পাড়া ব্লকের মেয়ে শান্তা মাহাতো কে** তার একাদশ শ্রেনীর সমস্ত বই,তার হাতে তুলে দেওয়া হয়েছে। এই সমস্ত বই কেনার জন্য আর্থিক সহায়তা করেছেন #ভাস্বতি রায়। ধন্যবাদ জানাই ভাস্বতি দি কে।



**$15^{th}$ August,2020 :** বোধোদয় এর পরিসরে বর্তমানে মোট চারটি গ্রামে আদিবাসী,শবর ও কালিন্দী জনজাতির বিভিন্ন ছাত্র ছাত্রী নিয়ে চারটি শিক্ষা নিকেতন চলছে।বাগমুন্ডি ব্লকের #রুগরুঘুটু,কাশীপুর ব্লকের #শিউলিবাড়ি,পুঞ্চা ব্লকের #ভূতাম ও বান্দোয়ান ব্লকের #বুড়িঝোড় এ। 15th August এর দিন স্বাধীনতা দিবসের বিভিন্ন ধরনের কর্মসূচি সুসম্পন্ন করেছেন সকল শিক্ষক মহাশয় ও ছাত্র ছাত্রী বৃন্দ। বোধোদয় পরিবারের সকল সদস্যদের অসংখ্য ধন্যবাদ জানাই,এই অনুষ্ঠান কে সাফল্য মন্ডিত করার জন্য। প্রতিটি শিক্ষা নিকেতনের সকল শিক্ষক মহাশয় দের ও শিক্ষার্থীদের অসংখ্য ধন্যবাদ জানাই।





**$16^{th}$ August,2020 : বান্দোয়ান ব্লকের কুচিয়া পঞ্চায়েতের #বুড়িঝোড় গ্রাম।** সমগ্র গ্রামে দুই ধরনের আদিবাসী গোষ্ঠীর মানুষের বসবাস,এক- সিং সর্দার দুই - শবর (খেরিয়া)। এখানে মোট 88 টি পরিবার। এখান থেকে ঘাটশিলা 7.8 km.। এই গ্রামটি পশ্চিমবঙ্গ ও ঝাড়খণ্ডের সীমান্ত বরাবর অবস্থিত। পাশেই দুয়ারসিনি নদী।চারিদিকে খুব বড় বড় পাহাড়ের সারিবদ্ধ অবস্থান। এখানে ময়ুর নেমে আসে পাহাড় থেকে। এখানকার আদিবাসীদের সঙ্গে ময়ূরগুলোর সুন্দর সহাবস্থান।একটা সুন্দর ছোট্ট ঝড়া ও আছে।ঝড়া মানে ঝর্ণা । ঝর্ণার জল পাহাড়ের উপর থেকে নিচে নেমে একটা ছোট্ট যায়গা থেকে চুইয়ে চুইয়ে বেড়োচ্ছে, এই মিষ্টি জল টাই বেশিরভাগ মানুষ এখনো খান। গ্রামের ঢোকার মুখে বেশ খানিকটা শালের জঙ্গল। এটাই ওদের জহার স্থান। চারিদিকে পাহাড়ের কোলে শুধু উন্মুক্ত তৃনভূমি,হিমালয় অঞ্চলে এগুলিকে বলা হয় বুগিয়াল। ওখানে বুগিয়ালে ঘুরে বেড়ায় ঘোড়া। বুরিঝোড় এর বুগিয়ালে ঘুরে বেড়ায় এদের গরু,ভেড়া। চারিদিকে শুধু সবুজের সমারোহ। প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর।






কিন্তু এর মাঝেও অনেকেই গৃহহীন। যাদের বাড়ি আছে,তাদের আবার দেওয়াল নেই। যাদের দেওয়াল আছে,তাদের বাড়ির পচা খরের চাল থেকে জল পড়ে ঘরের দুয়ারটা স্যাঁত স্যাঁতে হয়ে গেছে। আমরা কয়েকজন সমবেত ভাবে একটা ছোট্ট প্রচেষ্টা করছি মাত্র। ওখানে একটা শিশু শিক্ষা কেন্দ্র খোলা। পড়াবেন ঐ গ্রামেরই দেবীলাল

সিং (উচ্চ মাধ্যমিক) এবং প্রমিলা সিং (মাধ্যমিক)। কুচিয়া থেকে সাহায্য করবে প্রিয়রঞ্জন দত্ত। শুধু পড়াশোনা নয় সপ্তাহে অন্তত দুই দিন পারলে তিন দিন পড়াশোনার সময় কিছু পুষ্টিকর খাবার দেওয়া। এই সমগ্র প্রয়াস টিতে শিক্ষার্থীদের সমগ্র পড়াশোনার উপকরণ,খাতা,বই,বোর্ড,ছবি আঁকার সরঞ্জাম দেবে #বোধোদয়। সপ্তাহে দুই দিন অথবা তিন দিন কিছু পুষ্টিকর খাবার দিতে আর্থিক সহায়তা করবেন #প্রত্যর্পণ এবং শিক্ষক মহাশয় দের প্রতি মাসে সাম্মানিক দিতে সহায়তা করবেন #Relearn_Foundation. #বোধোদয় পরিবার এই শিক্ষা কেন্দ্রটির পরিচালনার সম্পূর্ণ দায়িত্ব ভার নিয়েছে। আপনারা প্রত্যেকে আপনাদের শুভ মতামত,কর্ম পরিকল্পনা অবশ্যই জানাবেন।
গত 29 শে জুলাই। **"বোধোদয়" সৃষ্টির প্রাণ পুরুষ মানুষটির 130 তম প্রয়াণ দিবস ছিল । যে মানুষটির আদর্শ ও মূল্যবোধ কে নিয়ে আমাদের সামাজিক সংগঠন বোধোদয় কে তৈরী করা হয়েছিল। সেই মানুষটির প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন এর প্রয়াস হিসেবে গত 29 শে জুলাই থেকে শুভ সূচনা হল "বুড়িঝোড় শিক্ষা নিকেতন " এর**। আপনারা পাশে থাকবেন।

**18th August,2020 :** বান্দোয়ান ব্লকের বুড়িঝোড় আদর্শ শিক্ষানিকেতন এর সকল ছাত্র ছাত্রীদের হাতে #বোধোদয় এর পক্ষ থেকে স্লেট,পেন্সিল,খাতা,পেন,বই ও বিভিন্ন চার্ট তুলে দেওয়া হল ।





**5th September,2020 :** দীর্ঘ প্রতিক্ষার পর, বোধোদয় পরিবারের অন্যতম সদস্য গোবিন্দ কুণ্ডু মহাশয় এর উদ্যোগে বোধোদয় এর Web site তৈরি করা হল। সমস্ত কর্মকান্ড নিয়ে এই নতুন Web Site এর উদ্বোধন করলেন বোধোদয় এর Vice President Dr. Rabindranath Mondal. The address of the Web Site : www.bodhodoysociety.com.



**5th September,2020 :** শিক্ষক দিবস। **আজ দিন শিউলি বাড়ি তে একটি পাঠাগার এর উদ্বোধন করার হল।বোধোদয় এর পক্ষ থেকে রঞ্জিত মাহাত এটা দেখা শোনা এর দায়িত্ব নিয়েছেন** । এই পাঠাগারের বই কখনো ভূতাম,কখনো রগরুঘুটু,কখনো বুড়িঝোড়,কখনো ঊষার ডিহি এর শিক্ষার্থীরা পড়তে পারবে। মূলত শিশু পাঠ্য,লিটল ম্যাগাজিন,বিভিন্ন জ্ঞান বিজ্ঞানের বই,বিভিন্ন মহান ব্যক্তিত্বের বই ,এছাড়া আরো অনেক কিছু সমন্ধিয় বই এখানে থাকবে। আপনাদের সহযোগীতা নিয়ে একটি সুন্দর পাঠাগার এর আজ শুভ উদ্বোধন হল।। এই পাঠাগার টির শুভ উদ্বোধন করলেন আমাদের ভাস্বতী রায় দিদি।






**26th Septemer,2020:** গত **তিনদিন(22September - 24 September) ধরে বোধোদয় এর পক্ষ থেকে প্রথম একটি শিক্ষক প্রশিক্ষণ শিবির এর আয়োজন করা হয়েছিল ছাতনা এর ঊষারডিহি তে ভাস্বতী রয় দিদির আশ্রমিক পাঠশালা তে**। এই কদিন যে সমস্ত গুণী শিক্ষক মহাশয় দের সান্নিধ্যে আমরা আসতে পেরেছি,তারা হলেন প্রফেসর অরিন্দম গুপ্ত,ভাস্বতী রয়,তপন বন্দ্যোপাধ্যায়,সন্দীপ ভট্টাচার্য,বরুণ টুডু প্রমুখ।বাগমুন্ডি এর রুগরুঘুটু,বান্দোয়ান এর বুড়িঝোড়, পুঞ্চা এর ভূতাম,কাশীপুরের শিউলিবাড়ি এবং ছাতনা এর ঊষারডিহির মহা মিলনে এক তিন দিনের একটি আশ্রমিক মিলন ক্ষেত্র হয়ে উঠেছে ঊষারডিহির প্রশিক্ষণ শিবির।



এটা সম্ভব হয়েছে শ্রদ্ধেয় ভাস্বতী রয় দিদি এর জন্য।সমাজ সচেতনতা,ভাষা পাঠ, অঙ্ক,পুষ্টি বাগান, সংগীত,কবিতা,নাটক,ক্লাস পরিচালনা,মনযোগ প্রভৃতি বিষয়ে পুরুলিয়া ও বাঁকুড়ার বিভিন্ন অঞ্চলের প্রতিটি শিক্ষা নিকেতনের মাষ্টার মশাইরা ক্লাস করেছেন। আবাসিক এই প্রশিক্ষণে প্রত্যেকে প্রত্যেকের সাথে মত বিনিময় এবং আত্মিক যোগ ঘটিয়েছে






**26th Septemer,2020:** বাগমুন্ডি এর রুগরুঘুটু,বান্দোয়ান এর বুড়িঝোড়, পুঞ্চা এর ভূতাম,কাশীপুরের শিউলিবাড়ি এবং ছাতনা এর ঊষারডিহির মহা মিলনে এক তিন দিনের একটি আশ্রমিক মিলন ক্ষেত্র হয়ে উঠেছে ঊষারডিহির প্রশিক্ষণ শিবির। প্রশিক্ষণ শেষে সংশাপত্র প্রদান ও আমরা সকলে।







**26th September,2020 : ছোটদের ত্রৈমাসিক পত্রিকা বোধোদয় এর শুভ উদ্বোধন হল আজ।** বাগমুন্ডি ব্লকের রুগরুঘুটু, পুঞ্চা ব্লকের ভূতাম,বান্দোয়ান ব্লকের বুড়িঝোর,কাশীপুর ব্লকের শিউলিবাড়ি ও ছাতনা ব্লকের ঊষারডিহি এর বিভিন্ন ছোট ছোট ছাত্র ছাত্রীরা ও শিক্ষক মহাশয়েরা লিখেছেন এই পত্রিকায়। আজ 26 শে সেপ্টেম্বর, এই শুভ দিনে পত্রিকার সম্পাদক দ্বয় ভাস্বতী রয় ও তপন বন্দ্যোপাধ্যায় এবং প্রকাশক তাপস কুমার দাস পত্রিকার উদ্বোধন করলেন। ধন্যবাদ জানাই পত্রিকার শিল্প নির্দেশক সন্দীপ ভট্টাচার্য মহাশয় কে।



**26th September,2020 :** নিরন্ন আর্তমানুষের জন্য বিদ্যাসাগর বারবার খুলেছিলেন অন্নসত্র বা ভাতশালা । আজ তাঁর জন্মগ্রহণের দুশ বছর পূর্তিতে প্রয়াত অসীমা বিশ্বাস এর স্মৃতির উদ্দেশ্যে ব্রতীণ বিশ্বাস এর সৌজন্যে বোধোদয় এর শ্রদ্ধাঞ্জলী। আজ বান্দোয়ান ব্লকের বুড়িঝোর গ্রামের বুড়িঝোর বোধোদয় আদর্শ শিক্ষা নিকেতনের 92 জন শিক্ষার্থীকে ভাত,সব্জি,মাংস,ডাল,চাটনি,মিষ্টি ও পাঁপর সহকারে খাওয়ানো হলো।ধন্যবাদ জানাই ব্রতীণ বিশ্বাস মহাশয় কে।







**29th September,2021:** কাশি ঘাঁস,বাবুই ঘাঁস ও খেজুর পাতা দিয়ে তৈরি করছেন **নির্ভয়পুর ও ভূতাম গ্রামের শবর মহিলারা.** **বোধোদয় পরিবারের** উদ্যোগেএই সমস্ত জিনিস পত্র গুলি বিক্রির সু ব্যবস্থা করা হয়েছে।শিল্পীর পরিবারের পাশে থেকেছে বোধোদয় পরিবার।বিশেষ কৃতজ্ঞতা জানাই তপন মাহাত মহাশয় কে.



**02nd October,2020 :** আজ 2স'রা অক্টোবর,আজকের এই শুভ গান্ধী জয়ন্তী এর দিনে #বোধোদয় **পুরুলিয়ার কাশীপুরের শিউলিবাড়ি গ্রামে আয়োজন করেছিল এক দাতব্য চিকিৎসা শিবির কেন্দ্র** । এই শিবিরে মা ও শিশুদের উপর বিশেষ জোর দেওয়া হয়েছে। প্রতিটি শিশুর বয়স অনুযায়ী ওজন,উচ্চতা এর নিরিখে পুষ্টি গত স্তর নির্নয় করার চেষ্টা করেছেন ডাক্তার বাবুরা। বাঁকুড়া মেডিক্যাল কলেজের কার্তিক মহান্ত,অপূর্ব কর্মকার ও লিঙ্কন কীর্তনীয়া, পাড়া বি পি এইচ সি এর ডঃ সৌরভ কর্মকার এবং এস টি পি এস এর সিস্টার পাপিয়া মাহিন্দার ও শ্রীমা বন্দ্যোপাধ্যায় এই মহৎ কর্মযজ্ঞে সাহায্য করেছেন। #আশ্বাস নামে ডাক্তারবাবুদের একটি সংগঠন এই কাজে সহযোগিতা র হাত বাড়িয়ে দেন। আজ 227 জন মানুষের এখানে স্বাস্থ্য পরীক্ষা করা হয়। :



1. বিনামূল্যে 227 শতাধিক মানুষকে স্বাস্থ্য পরিষেবা
2. মেয়ে দের ন্যাপকিন বিতরণ
3: গর্ভবতী মায়েদের ফল ও হরলিক্স বিতরন
4: বাচ্চাদের বই খাতা কলম স্লেট পেনসিল বিতরণ







**16th October,2020 : বুড়িঝোর বোধোদয় শিক্ষা নিকেতনে 103 শিক্ষার্থী সপ্তাহে দুবেলা তাদের কিছু প্রয়োজনীয় খাবার দেওয়ার জন্য আমরা একটি প্রোগ্রাম শুরু করেছি ।** ধন্যবাদ সংঘমিত্রা দাস দিদি এবং তার দলের জন্য প্রত্যর্পণ। বুড়িঝোর, বান্দোয়ানের শিক্ষার্থীরা ডিম ও কলা দেওয়া হচ্ছে। প্রত্যর্পণ ইনিশিয়েটিভ আমাদের এই প্রকল্পে সাহায্য করছে।



**18th November,2020 :** আরও একটি Medical Camp. অনুষ্ঠিত হল বান্দোয়ান এর বুড়িঝোর গ্রামে। এখানকার শবর, সাঁওতাল, সিং সর্দার সকল শ্রেণীর মানুষের জন্য এই দাতব্য চিকিৎসা শিবির এর আয়োজন করেছিল বোধোদয়। ধন্যবাদ জানাই বাঁকুড়া সম্মিলনী মেডিকেল কলেজ ও হাসপাতালের কার্তিক মহান্ত ও অপূর্ব কর্মকার কে , মেদিনীপুর মেডিকেল কলেজ ও হাসপাতালের সৌরভ দন্ডপাত, সিস্টার পাপিয়া মহিন্দর (সান্তালদিহি হেলথ সেন্টার) এবং সিস্টার চম্পাকে গড়াঁই কে (পাড়া বিপিএইচসি), ফার্মাসিস্ট অনিমেষ চৌধুরী (পাড়া বিপি এইচ সি)। এই মেডিকেল ক্যাম্পের জন্য সংঘমিত্রা দাস দিদি।







**18th November,2021 :** #BODHODOY কর্তৃক পুজোর আগে বুড়িঝোর বোধোদয় শিক্ষা নিকেতনে, বান্দোয়ান (পুরুলিয়া) 105 ছাত্রছাত্রীদের জন্য নতুন পোষাক বিতরণ.





**09th December,2020 :** আজ 09/12/2020 তারিখে #নব_নালন্দা_98 ব্যচ এর সহায়তায় বান্দোয়ান এর বুড়িঝোর এর 104 জন শিক্ষার্থীদের হাতে এবং কাশিপুর এর শিউলিবাড়ির 40 জন শিক্ষার্থীদের হাতে শীতের পোশাক তুলে দেওয়া হল #বুড়িঝোর_বোধোদয়_শিক্ষানিকেতন এর 104 জন শিক্ষার্থীরা এবং #শিউলিবাড়ি_বোধোদয়_শিক্ষানিকেতন এর 40 জন শিক্ষার্থীরা নতুন শোয়েটার পেলো আজ। **বোধোদয় পরিবারের** পক্ষ থেকে ধন্যবাদ জানাই #টিম_নব_নালন্দা ও সৈকত দা কে।





**09th December,2020 :** আজ 07/12/20 তারিখে ***Income Tax Sports and Recreation Club*** এর পক্ষ থেকে বান্দোয়ান এর আমঝর্ণা ও কাররু গ্রামের মোট 30 জন শিশুদের নতুন শোয়েটার দেওয়া হল। এছাড়াও ঐ সমস্ত শিশুদের সপ্তাহে প্রতি তিন দিন পুষ্টিকর খাবার ও সরবরাহ করা হচ্ছে। **বোধোদয় পরিবারের** পক্ষ থেকে সকল শুভানুধ্যায়ী দের অসংখ্য ধন্যবাদ জানাই।



**10th December,2020 :** **বুড়িঝোর বোধোদয় শিক্ষানিকেতন।** গ্রামের ছেলে মেয়েদের গ্রামেরই শিক্ষকরা দেখিয়ে দিচ্ছেন।







**11th October,2020 :** শিউলিবাড়ি গ্রামের ভলু কালিন্দী যে TB রোগে আক্রান্ত।তার দুই ছেলের দুই বউ গর্ভবতী।ছেলেরা বাইরে কাজ করত।লকডাউনে কাজ নেই।এমন পরিবারের পাশে দাঁড়াল আমাদের বোধোদয়.

**24th October,2020 :** কাশিপুর এর শিউলিবাড়ি গ্রামে বাঁশ শিল্পী সঞ্জয় কালিন্দী কে তার শিল্পের অগ্রগতি ও যাহাতে আরো উন্নত শিল্পকর্মে পারদর্শী জন্য যন্ত্রপাতি সামগ্রী বিতরণ করা হল।#বোধোদয় এর পক্ষ থেকে ।



**22nd December,2020 :** #বুড়িঝোর_বোধোদয়_শিক্ষানিকেতন। এখানকার সমস্ত শিশুদের মাসে চারদিন খাওয়ানোর ব্যবস্থা করেছেন #প্রত্যর্পন। এখানকার তিনজন শিক্ষকদের সাম্মানিক প্রদান করেন #RELEARN_FOUNDATION . সমগ্র শিক্ষানিকেতন টি পরিচালনা করেন #বোধোদয়। এটি বান্দোয়ান ব্লকের কুঁচিয়া পঞ্চায়েত এ অবস্থিত।



**26th December,2020 :** আমঝর্ণা ও কাররু শিক্ষানিকেতন। এখানে মোট 55 জন শিক্ষার্থীরা পড়াশোনা করে। এখানে পড়ান গণপতি মান্ডি ও দূর্গামনি হেমব্রম।



**28th December,2020 :** গত 25/12/20 তারিখে #বোধোদয় এর ব্যবস্থাপনায়, #প্রয়াস এর আর্থিক সহযোগিতায় বান্দোয়ান ব্লকের কুঁচিয়া পঞ্চায়েত এর আমঝর্ণা ও কাররু গ্রামের 33 টি শবর পরিবারে দুটি করে কম্বল বিতরণ করা হয়েছে। বোধোদয় পরিবারের পক্ষ থেকে প্রয়াস এর এই শুভ উদ্যোগ কে কুর্নিশ জানাই।





**28th December,2020:** #বোধোদয় এর সহযোগিতায় ও নিমন্ত্রণে ,সদূর আরামবাগ থেকে ছুটে এসেছিল #উত্তরণ_আরামবাগ এর বন্ধুরা। উত্তরণ আরামবাগ বান্দোয়ান এর কুঁচিয়া পঞ্চায়েত এর বুড়িঝোর গ্রামের 100 এর বেশি পরিবার কে শীতকালীন কম্বল প্রদান করে গেলেন নিজেদের হাতে। একটু উষ্ণতার ছোয়া দিতে #উত্তরণ_আরামবাগ এর এই শুভ উদ্যোগ কে সাধুবাদ জানাই।

**29th December,2020 :** 29/12/20 তারিখে আমরা সকলে মিলিত হচ্ছি ভূতাম শবর পল্লী





তে। #বোধোদয় পরিচালিত পাঁচটি শিক্ষানিকেতন এর 5 বছর থেকে 15 বছরের বিভিন্ন ছেলে ও মেয়েদের নিয়ে আমরা একটি **ফুটবল এর Baby League** শুরু করছি। ঐ দিন অযোধ্যার রুগরুঘুটু, কাশিপুর এর শিউলিবাড়ি ,পুঞ্চার ভূতাম, বান্দোয়ান এর বুড়িঝোর, আমঝর্ণা ও কাররু এর বিভিন্ন বয়সের শিক্ষার্থীদের মধ্যে একটি মহা মিলন ঘটবে। আত্মীয়তা ঘটবে এক গ্রামের সাথে আর এক গ্রামের।বোধোদয় পরিচালিত পাঁচটি শিক্ষানিকেতন এর 5 বছর থেকে 14 বছরের বিভিন্ন ছেলে ও মেয়েদের নিয়ে ফুটবল এর Baby League শুরু হয়েছে আজ। উদ্দেশ্য হল প্রাথমিক স্তর থেকে খেলোয়াড় তুলে নিয়ে আসা ।







**10th January,2021 :** আজ 10/01/2021 তারিখে আমরা পৌঁছে গিয়েছিলাম ঝালদা ব্লকের হেঁসাহাতু গ্রাম পঞ্চায়েতের মহুলটাঁড় গ্রামে। এটি একটি বীরহোর জনজাতি সম্প্রদায়ের গ্রাম। বোধোদয় পরিবারের পক্ষ থেকে ওখানে দেওয়া হয় শুকনো খাবার ও কম্বল প্রতিটি পরিবারের জন্য। এই কাজের জন্য বিশেষ ধন্যবাদ জানাই বিমান ব্যনার্জী কে। বিমান ব্যানার্জি এর স্বর্গীয় পিতার স্মৃতির উদ্দেশ্যে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল

**13th February,2021 :** বোধোদয় পরিবারের বেশ কয়েকজন শুভানুধ্যায়ী সদস্যদের আর্থিক সহায়তায় অযোধ্যার রুগরুঘুটু শিক্ষানিকেতন এর নতুন





দরজা, জানালা ও মেঝে টি করা হয়েছে। সকল শুভানুধ্যায়ী দের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

**22nd March,2021 :** আমাদের #বোধোদয় (NGO)পরিচালিত সমস্ত বিদ্যালয়গুলিতে 1) রূগড়ঘুটু হালিহাড়িয়ার শিক্ষানিকেতন, (অযোধ্যা)2) আমঝর্ণা শিক্ষা নিকেতন (বান্দোয়ান) 3) বুড়িঝোর আদর্শ শিক্ষা নিকেতন(বান্দোয়ান) 4) শিউলিবাড়ি আদর্শ শিক্ষা নিকেতন ও 5) ভূতাম শবর শিক্ষা নিকেতনে আজ 22শে মার্চ বিশ্ব জলদিবস উদযাপিত হল।এবছরের জলদিবসের মূল থিম হল "Valuing Water " । কেননা আমরা সারা বিশ্ব এক ভয়াবহ সমস্যার সম্মুখীন হতে চলেছি। তাই আমাদের উক্ত শিক্ষা কেন্দ্রে র শিক্ষক মহাশয়দের উদ্যোগে



এই অসাধারণ গনজনসচেতনতা মূলক জলদিবসের উদযাপন। এইভাবেই এগিয়ে চলুক আমাদের স্বপ্নের প্রতিষ্ঠান সমাজের এক অনন্য দৃষ্টান্তের সাক্ষী রেখে।


**30th March,2021 :** আজ [#বোধোদয়]() এর উদ্যোগে ভগলপুর রাধা কৃষ্ণ উচ্চ বিদ্যালয়ের শিক্ষক দেবাংশু পরামানিক,শিক্ষক শোভন গুপ্ত ও পান্থদীপ বন্দ্যোপাধ্যায়ের সহযোগিতায় কাশীপুর এর শিউলিবাড়ি ও পুঞ্চার ভূতাম শবর শিক্ষানিকেতন এ সমগ্র শিক্ষার্থীদের ও শিক্ষকদের নিয়ে একদিনের একটি আলোচনা সভার আয়োজন করা হয়েছিল।




আলোচনার বিষয়বস্তু

1. সাপ,সাপের কামড়, ভীতি, করণীয় কাজ, সাপ চেনার ধরন
2. পাখি, পুরুলিয়ার ও বাঁকুড়ার পাখি, পাখিদের প্রয়োজন, পাখিদের বৈশিষ্ট্য, পাখি চেনা।

বিশেষ ধন্যবাদ জানাই শিউলিবাড়ির ও ভূতাম শবর শিক্ষানিকেতন এর সকল শিক্ষকদের, যাদের ঐকান্তিক প্রয়াস ছাড়া এটা সম্ভব ছিল না।






# ধন্যবাদ